বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০৭১.১৯.৬৫ তারিখ: ২৮/০২/২০২২ খ্রি:

## সভার নোটিশ

আগামী ০৩/০৩/২০২২ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা মহোদয়ের সভাপতিতে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সকল সম্মানীত সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী:

০১। বিগত সভার কাযবিবরনী পাঠ ও দৃঢ়করণ।
০২। উপজেলা পরিষদে অনুমোদনের নিমিত্তে প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
০৩। বিবিধ।

২৮/২/২২

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য-সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

প্রাপক:

.........................

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। অফিস কপি।

CamScanner

## নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

অধিবেশন নং- ০৫/২০২১-২০২২
সভার স্থান: সভাপতি মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ, নেত্রকোণা।
তারিখ: ০৩/০৩/২০২২ খ্রি:
সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্র: নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব তুহিন আক্তার | ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সভাপতি | |
| ০২ | জনাব মো: আ: রশিদ | চেয়ারম্যান, রৌহা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৩ | জনাব সৈয়দ মাহবুব উল মজিদ | চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৪ | জনাব আনোয়ার হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৫ | জনাব মো: আনোয়ার হোসেন | জেলা মাঠ সমন্বয়কারী, পিইপি-এনআইডিপি, নেত্রকোণা। | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আঃ রহিম | মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক, জেলা আওয়ামীলীগ, নেত্রকোণা | সদস্য | |
| ০৭ | মুহাম্মদ রাশিদুল ইসলাম | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য- সচিব | |

অদ্যকার সভার সভাপতি জনাব তুহিন আক্তার, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানীত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং দিনের আলোচ্যসূচী মোতাবেক সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম সাহেবকে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী-১: বিগত সভার কার্য্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভায় ইউআরডিও সাহেব সভার কার্যবিবরী পাঠ করে শুনান । এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচীঃ-২ উপজেলা পরিষদে অনুমোদনের জন্য প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

আলোচ্য সূচী মোতাবেক ইউআরডিও সাহেব সভাকে জানান যে, বিআরডিবি'র আওতাধীণ অত্র উপজেলা বিভিন্ন ইউনিয়নে বিভিন্ন কৃষক ও মহিলা সমবায় সমিতি রয়েছে। এসব কৃষক ও মহিলা সমবায় সমিতির সমবায়ীদের আধুনিক কৃষি

CamScanner

প্রযুক্তি ও সমসাময়িক সরকারী বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণের জন্য প্রশিক্ষণ দিতে পারলে একদিকে যেমন কৃষি উৎপাদন বৃদ্ধি পাবে অন্যদিকে সরকারী বিভিন্ন নির্দেশনা সরাসরি সাধারণ জনগণের কাছে পৌছানো সম্ভবপর হবে। এই নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনায় অংশ নিয়ে চল্লিশা ইউপি চেয়ারম্যান সাহেব বলেন যে, এরকম প্রশিক্ষণের প্রয়োজনীয়তা অপরিহার্য, তবে এই প্রশিক্ষণ সমূহ উপজেলায় না হয়ে ইউনিয়ন পরিষদের অনুষ্ঠিত হলে সমবায়ীদের অংশগ্রহণ নিশ্চিত হরা যাবে এবং অনেক ফলপ্রসূ হবে। এই নিয়ে সভায় আরও বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পঞ্চাশ জন সমবায়ীদের একটি দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করার বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয়। আলোচনান্তে নিম্মোক্ত একটি প্রশিক্ষণ বাজেট সর্বসম্মতভাবে অনুমোদিত হয়।

| ক্র: নং | খাত | খরচ | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | প্রশিক্ষণার্থী ভাতা | ২৫০০০/- | জনপ্রতি ৫০০/- টাকা করে ৫০ জন |
| ০২ | প্রশিক্ষক ভাতা | ৫০০০/- | ১০০০/- টাকা করে ৫ টি অধিবেশন |
| ০৩ | দুপুরের খাবার ও নাস্তা | ১৫০০০/- | ২৫০/- টাকা করে ৬০ জন |
| ০৪ | উদ্বোধনী ও সমাপনী অতিথি সম্মানী | ২০০০/- | --- |
| ০৫ | বিবিধ | ৩০০০/- | ব্যানার, প্রশিক্ষণ সামগ্রী, অন্যান্য |
| | মোট | ৫০০০০/- | |

প্রস্তাবটি অনুমোদনের জন্য উপজেলা পরিষদে মাসিক সভায় উপস্থাপনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসুচী-৩: বিবিধ।

বিবিধতে কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

০৩/০৩/২২

তুহিন আক্তার
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান(মহিলা)
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০১২.১৯.৬৯

তারিখ: ০৩/০৩/২০২২ খ্রি:

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান, ...................... ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৫। জনাব............................................... নেত্রকোণা।
০৬। অফিস কপি।

০৩/০৩/২২

মুহাম্মদ রাশিদুল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য- সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

CamScanner